

প্রেস রিলিজ নং-০৩/২০২১

এ্যাডভোকেসি কার্যক্রমের অংশ হিসেবে ০৯ ফেব্রুয়ারি ২০২১ তারিখ মঙ্গলবার সিলেট জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের আয়োজনে এবং বিভাগীয় প্রশাসন, সিলেটের সার্বিক সহযোগিতায় “ব্যবসা বাণিজ্যে সুষ্ঠু প্রতিযোগিতা নিশ্চিতকরণে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ভূমিকা” শীর্ষক দিনব্যাপী অবহিতকরণ সেমিনার অনুষ্ঠিত হয়।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ভারুয়ালি উপস্থিত ছিলেন জনাব টিপু মুনশি, এমপি, মাননীয় মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয় এবং সভাপতিত্ব করেন জনাব মোঃ মফিজুল ইসলাম, চেয়ারপার্সন, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন। সেমিনারে বিশেষ অতিথি ছিলেন ড. মোঃ জাফর উদ্দীন, সচিব, বাণিজ্য মন্ত্রণালয় (ভারুয়ালি), জনাব মোঃ মশিউর রহমান এন/ডিসি, বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, জনাব মফিজ উদ্দিন আহম্মেদ, পিপিএম, ডিআইজি, সিলেট রেঞ্জ, জনাব মোঃ নিশারুল আরিফ, পুলিশ কমিশনার, সিলেট মেট্রোপলিটন পুলিশ। সেমিনারে কমিশনের সদস্যবৃন্দ ও কর্মকর্তাবৃন্দ, প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট বিভাগের চারটি জেলার জেলা প্রশাসকবৃন্দ, বিভাগীয় পর্যায়ের কর্মকর্তাবৃন্দ, জনপ্রতিনিধি, চেম্বার প্রতিনিধি, ব্যবসায়ী, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

উক্ত সেমিনারে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কার্যক্রমের বিভিন্ন দিক, প্রতিযোগিতা আইন বাস্তবায়নের সুফল, আন্তর্জাতিক পর্যায়ে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সম্পৃক্ততা ও বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে কমিশনের গুরুত্ব বিষয়ে আলোচনা করা হয়। সেমিনারে অংশগ্রহণকারীগণ বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কার্যক্রম বাস্তবায়নে সর্বাঙ্গিক সহায়তা প্রদানের অঙ্গিকার ব্যক্ত করেন।

তারিখ: ০৯/০২/২০২১ খ্রি:

